

সমাজকল্যাণ বিষয়ক মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফাহিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান শিবচর, মাদারীপুর।  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শিবচর, মাদারীপুর।  
সভার তারিখ ও সময় : ১৯/১২/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১০ঃ০০ ঘটিকা  
উপস্থিত সদস্যগণ : পরিশিষ্ট 'ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব আলোচ্য বিষয়ের উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

উপজেলা সমাজসেবা অফিসার উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে শিবচর উপজেলায় ১৪,১৩১ জন বয়স্কভাতা, ৪৪৩৭ অশ্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, ৫৫২৯ জন বিধবা ভাতা এবং ৬৮ জন কে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি মোবাইল ফিন্যান্সিয়াল সিস্টেম বিকাশের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত ভাতাভোগীরা টাকা পাবে বলে সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন। সমাজসেবা অফিসার সভায় আরও জানান, আগামী গত ১৪ ডিসেম্বর থেকে আগামী ২১ ডিসেম্বর তারিখ পর্যন্ত সারাদেশে সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর জাগরণী সপ্তাহ পালিত হবে। শিবচর উপজেলায় জাগরণী সপ্তাহ উপলক্ষে বিভিন্ন উপকারভোগীদের মধ্যে ১৮ লক্ষ টাকার ঋণ প্রদান করা হবে। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ কমিটি বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। ভাতাভোগীরা যাতে দ্রুত টাকা পায় সে ব্যাপারে সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।

০২। সারা দেশের ন্যায় শিবচর উপজেলায় ক্ষুদ্রঋণের জাগরণী সপ্তাহ সুন্দরভাবে উদযাপনের জন্য সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফাহিমা আক্তার)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

শিবচর, মাদারীপুর।

স্মারক নং- ৪১.০১.৫৪৮৭.০০০.০৬.০৫৪.১৬ ৪২৭/১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

০৩। অফিস কপি।

তারিখঃ ১৯/১২/২০২১খ্রিঃ







( শাহ আলম )

উপজেলা সমাজসেবা অফিসার

শিবচর, মাদারীপুর।

১৭-১২-১৯ তারিখের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতি সদস্যদের স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ফাহিমা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর	সভাপতি	
০২	জনাব মোঃ জাকির হোসেন হায়দার চেয়ারম্যান, বহেরতলা উত্তর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৩	জনাব কোহিনুর হাওলাদার চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৪	জনাব আঃ রহিম বেপারী চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৫	জনাব শাহ আলম উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব	